
(10)

P 5805

6 5057 3000Rs.




Admissible Under Rule 21 & also rule 6 (1) of W. B. C. R. Act.-1951, duly stamped under the Indian Stamp Act.-1899 Subsequently ammended Schedule 1 A, No. 23

Fees Paid 4.50

S. R.

A-3191 A-4071

-ঃ মূল সাফ বিক্রয় কোবালা দলিল ঃ-

Market Value 38000/-

Stamp 800/-

D. S. R.

Registrar u/s. 7 (2)
North 24 Parganas, Barasat

মৌজা - পশ্চিম ইছাপুর,
থানা - বারাসাত,
জেলা - উত্তর ২৪ পরগণা,
মূল্য মং - ৩০,০০০.০০
ত্রিশ হাজার টাকা মাত্র ।

ক্রেতা/ কোবালা গ্রহীতা ঃ-

শ্রী বাসুদেব গাঙ্গুলী পিতা স্বর্গীয় উপেন্দ্র নাথ গাঙ্গুলী, সাকিন- দেঃ বারা, ভট্টাপল্লী, থানা- বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগণা, জাতি- হিন্দু, পেশা- ওকালতি ॥

বিক্রেতা/ কাবালা দাতা ঃ-

শ্রী ভানু চন্দ্র দাস পিতা স্বর্গীয় চন্দ্র মোহন দাস, সাকিন- পশ্চিম ইছাপুর, থানা- বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগণা, জাতি- হিন্দু, পেশা- চাকুরী ॥

13770

Bhattapally Barasat gangu... P.S. Barasat

Treasurer
Barasat Treasury
North 24 Pargs.

09/6/96

OFFICE OF THE DIST...

Presented for Registration at 11-40
A.M./P.M. on the 11th day of
July 96 of the Sadar Registration
Office Barasat by Bhanu Ch.
Das. one of the executant
Defendant.

Bhanu Ch. Da...
S/o Late Chandra Ka...
S/o, W/o ...
of West Icchapur
P.S. Barasat
Dist. 24 Pgs (N)
By Caste Hindu
By Profession Service

Registrar u/s. 7 (2)
North 24 Parganas, Barasat.
11/7/96

6158

Subir Kumar Ha...
S/o Late Rajendra Na...
of West Icchapur
P.S. Nabapally P.S. Ba...
Dist. 24 Pgs (N)
By Caste Hindu
By Profession Business

Subir Kr. Hait
S/o. Late. Rajendranath Hait
Paschim Ichhapur
Nabapally - Barasat

Registrar u/s. 7 (2)
North ... Barasat
11/7

15-9-96

কস্য শালি ভূমি বিক্রয়ের শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

অত্রত্য জেলা উত্তর ২৪ পরগণা থানা ও সাব-রেজিস্ট্রী অফিস বারাসাত অধীন পরগণা আনোয়ারপুর মধ্যে মৌজে পশ্চিম ইছাপুর গ্রামে জে:এল: নং-২৯, তৌজি নং-১৪৬ অন্তর্গত ১৫৮ নং খতিয়ানের অধীন ১৬৪ নং খতিয়ান ভুক্ত ১১৭ দাগে ০৪ শতক ১১৮ দাগের ০৪ শতক, ১১৯ দাগে ০৫ শতক, ১২২ দাগের ০৮ শতক এবং ১২৩ দাগের ০৭ শতক একুনে ২৮ শতক শালি ভূমি এবং আরও কতিপয় ভূমি এবং তৎসহ যৎযাবতীয় আকর আওলাতাদি দরবস্ত, হক হকুক এবং ইজমেন্ট রাইট সুত্বাদির সাবেক জমিদার হৃদয়পুর নিবাসী শ্রী লক্ষ্মীনারায়ন বসু মহাশয়ের স্ত্রী শ্রীমতী সুবাসিনী বসু মহাশয়া তাহার অধীনস্থ প্রজা জব্বার মন্ডল গং এর বিরুদ্ধে বাকী খাজনার জন্য বারাসাতের প্রথম মুনসেফী আদালতে ১৯৪৬ সালের ৫২৯ নং খাজনার মামলায় ডিক্রী প্রাপ্ত হইয়া ১৯৪৬ সালে ২০০ নং খাজনা জারি মামলায় ০৫/০৮/১৯৪৬ তারিখে শ্রীমতী সুবাসিনী বসু মহাশয়া প্রকাশ্যে সকলের জ্ঞাতসারে নিলাম খরিদ করেন। অতঃপর ১৪/০৯/১৯৪৬ তারিখে উক্ত নিলাম খরিদ শুদ্ধ এবং বহাল হওয়ার পর বয়নামা গ্রহণে তাহা জারি দিয়া আদালত যোগে ২৮/১১/১৯৪৬ তারিখে ঢোল সহরত এবং বাঁশ প্রতিয়া ও নিশান প্রদানে সরজমিনে স্থানীয় সকলের জ্ঞাতসারে প্রকাশ্য দিবালোকে নিরস্কুশ ও নিরুপদ্রব এবং নির্বিঘ্ন দখল প্রাপ্ত হইয়া আদালতের দখল নামা গ্রহণে নিব্যূঢ় সূত্রে অন্যের নিরাংশে একক ভাবে ভোগবতী মালিক দখলকারিনী নিয়ত থাকা অবস্থায় ১৯৫৯ সালের ২৫ শে এপ্রিল মোতাবেক বাজ্ঞা ১৩৬৬ সালের ১১ই বৈশাখ তারিখে সম্পাদিত এবং একই তারিখে বারসাতের সাব-রেজিস্ট্রী অফিসে নিবন্ধনের জন্য দাখিলকৃত একটা সাফ বিক্রয় কোবালা দলিল মুলে পশ্চিম ইছাপুর নিবাসী মৃত রাজা উল্লা মন্ডলের পুত্র নৈমদ্দিন মন্ডলের নিকট তৎকালীন উপযুক্ত বাজার মূল্য ৭০০ সাত শতটাকা পন বহয়ের বিনিময়ে নিম্ন তপশীল বর্ণিত ভূমিসহ আরও কতিপয় ভূমি অর্থাৎ সাকুল্য ৬৮ শতক ভূমি সাফ বিক্রয় করতঃ

ক্রেতার অনুকূলে খাস দখল অর্পন ক্রমে পুত্র পৌত্রাদি ও ওয়ারিশানগণ ক্রমে এককালীন চিরতরে নিঃস্বত্ববতী হন। উক্ত কোবালা দলিল খানি বারাসাত সাব-রেজিস্ট্রী অফিসের ১৯৫৯ সালের ১নং বহির ৫৩ নং ভলুমের ১১২ হইতে ১১৪ পৃষ্ঠায় ৪৭৮২/১৯৫৯ নং দলিল হিসাবে লিপিকৃত রহিয়াছে।

অতঃপর উক্ত নৈমদ্দিন মন্ডল তাহার খরিদকৃত ৬৮ শতক ভুমিতে একক মালিক হিসাবে অন্যের নিরাংশে উৎকৃষ্ঠ ও অপরাজেয় সুত্রে সকলের জ্ঞাতসারে রাষ্টস্পষ্ট ভাবে লাগাতার চাষাবাদ ক্রমে ফসল সৃজনে ও আহরনে ভোগ তছরূপ ও দখল করিতে থাকা অবস্থায় নগদ টাকার প্রয়োজনে তৎকালীন উপযুক্ত বাজার মুল্য পন বহায় ৩,৫০০.০০ তিনহাজার পাঁচ শত টাকার বিনিময়ে আমি অত্র দলিলের দাতার বরাবরে উক্ত নৈমদ্দিন মন্ডল কর্তৃক ১৯৬৬ সালের ১লা এপ্রিল মোতাবেক বাংলা ১৩৭২ সালের ১৮ ই চৈত্র তারিখে সম্পাদিত এবং একই তারিখে বারাসাত সাব-রেজিস্ট্রী অফিসে নিবন্ধনের জন্য দাখিলকৃত ৫০৪৫ নং সাফ কোবালা দলিল মুলে আমি খরিদ করতঃ দখল প্রাপ্ত হইয়াছি। উক্ত বিক্রয় কোবালা খানি বারাসাত সাব-রেজিস্ট্রী অফিসে ১৯৬৬ সালে ১ নং বহির ৭০নং ভলুমের ৭১ হইতে ৭৪ পৃষ্ঠায় লিপিকৃত ৫০৪৫/১৯৬৬ নং দলিল হিসাবে নিবন্ধিত হইয়াছে। আমার খরিদকৃত সম্পত্তির জন্য মালিক সেরেস্তায় তথা সরকার অনুকূলে কর, খাজনা ইত্যাদি প্রদান ক্রমে উপযুক্ত চেক দাখিলা ও রশিদ গ্রহণে নিজে চাষাবাদ ক্রমে বিভিন্ন সময়ে ইচ্ছামত বিভিন্ন প্রকার ফসলাদি সৃজনে, আহরনে ও তছরূপ করনের দ্বারা অন অন ভাবে যদৃচ্ছায় রাষ্ট স্পষ্ট ভাবে স্থানীয় সকলের জ্ঞাতসারে অন্যের নিরাংশে নিরুপদ্রবে অন্যের বিনা স্বত্ব সংস্রবে উৎকৃষ্ঠ ও অপরাজেয় সুত্রে লাগাতার ৩০ বৎসরের উর্দ্ধকাল যাবৎ ভোগ দখল ও বিনিয়োগ করিতে থাকাবস্থায় উক্ত সম্পত্তিতে

আমার নিব্যূঢ় সুত্ব স্বামিত্ব বিদ্যমান রহিয়াছে ।

সেমতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির জন্য আমার নামে বিগত এনঃ আরঃ জরিপে ১২৭৭ খতিয়ানে বিশুদ্ধ ভাবে রেকর্ড হইয়াছে । আমি উক্ত সম্পত্তির কর খাজনাদি প্রদানে নিজে চাষাবাদ ক্রমে ফসলাদি আহরনে বৈধ সুত্রে সুত্ববান দখলকার বিদ্যমান রহিয়াছি ।

এক্ষণে আমার পক্ষে তপশীল বর্ণিত সম্পত্তি চাষাবাদ করা অসুবিধা জনক এবং অলাভ্ত জনক যেহেতু উহাতে ভাল ফসল হয় না এবং আমি খিদির পুরে কর্মরত থাকায় দেখা শুনা করা অসুবিধা জনক । তদুপরি আমার একমাত্র পুত্রের ব্যবসায়ের জন্য নগদ টাকার আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় ব্যতীত অন্য কোন ভাবে প্রয়োজনীয় টাকা সংগ্রহ করিতে না পারিয়া আমার মালিকানাধীন নিম্ন তপশীল বর্ণিত ১১৭,১১৮,১১৯ এবং ১২২ ও ১২৩ নং দাগে মোট পাঁচটি দাগে দুইটি খন্ড যথাক্রমে কমবেশী ১৩ শতক এবং ১৫ শতক ভুমি সর্ব সাকুল্য কমবেশী ২৮ শতক শালি ভুমি তৎসহ যৎযাবতীয় আকর আওলাতাদি মায় চলাচলের ইজমেন্ট ও প্রেসক্রিপটিভ অধিকারাদি সহ সাফ বিক্রয়ের ঘোষণা করিলে আপনি এএ দলিলের ক্রেতা গ্রহীতা তাহা জানিতে পারিয়া মং ৩০,০০০'০০ ত্রিশ হাজার টাকা পন মুল্যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত যৎযাবতীয় হক হকুক, আকর আওলাতাদি খরিদ করিতে প্রস্তাব করিলে আপনার প্রস্তাবিত মুল্যই উপযুক্ত ও গ্রহনীয় হওয়ায় এবং ততোধিক মুল্যের আর কোন ক্রেতা না পাওয়ায় আপনার প্রস্তাবিত মুল্য মং ৩০,০০০'০০ ত্রিশ হাজার টাকা মুল্যেই নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনার নিকট সাফ বিক্রয় করিতে সুস্থির করিয়াছি ।

সেমতে অদ্য রোজ হাজিরান মজলিশে সাক্ষীগণের মোকাবিলা আপনি ক্রেতা দলিল গ্রহীতার নিকট হইতে পন বহায়ের মুল্য বাবদ সাকুল্য মং ৩০,০০০'০০ ত্রিশ হাজার টাকা

-::(৫)::-

দস্তুরমত এককালীন বুঝিয়া পাইয়া ও গ্রহণ করিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ও তদস্থিত যৎযাবতীয় আকর আওলাতাদি দরবস্তু হক হক্কাদি সায় ইজমেন্ট রাইট ও প্রেসক্রেপটিভ রাইট সহআপনার নিকট সাফ বিক্রয় করতঃ তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে অদ্যই আপনাকে খাস দখল বুঝাইয়া দিয়া আমি অত্র দলিল দাতা বিক্রিত সম্পত্তি হইতে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলবর্তীগণ ক্রমে চিরতরে একালীন নিঃস্বত্ববান ও দখলচ্যুত হইলাম ও হইলেক ,এবং নিম্নতপশীল বর্ণিত সম্পত্তিতে আমার পূর্ববর্তীগণ ক্রমে যাহাকিছু স্বত্ব, স্বামিত্ব দখল লভ্য, অধিকার ছিল বা আছে তৎসমুদয় আমা হইতে চিরতরে পরিত্যাগ ও বিলুপ্ত হইয়া আপনি ক্রেতা দলিল গ্রহীতার উপর নিব্যূঢ় সুত্রে অর্শিল ও পর্য্যাপ্ত হইল । বিক্রিত সম্পত্তির দখল সহ আমার পূর্ববর্তীগণের নিকট হইতে প্রাপ্ত সকল মুল দলিল পত্র আপনি ক্রেতা দলিল গ্রহীতার নিকট অর্পন করিলাম ।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্পুর্ণ নির্দায়, নির্দোষ, নিস্কন্টক এবং মুক্তাবস্থায় আপনার নিকট সাফ বিক্রয় করিলাম । এক্ষণে আপনি ক্রেতা দলিল গ্রহীতা তপশীল বর্ণিত সম্পত্তি সম্পর্কে গভর্ণমেন্ট এ কায়ার্ড তহশীল সেরেস্তায় পৌর সভায় এবং অন্যান্য যাবতীয় অফিসাদিতে আমার নামের স্থলে আপনার নিজ নামে খাজনা, ট্যাক্স, ও করাদি প্রদানে চেক দাখিলা ও রসিদ গ্রহণে দান, বিক্রয় ,বন্ধক,বয়কট প্রভৃতি সর্ব প্রকার হস্তান্তরের অধিকারযুক্তে নিম্ন তপশীল বর্ণিত ভুমির যাবতীয় প্রকার হস্তান্তর রূপান্তর ও অবস্থান্তর করতঃ ইমারত আদি নির্মানে আপনার পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলবর্তীগণক্রমে পরম সুখে ইহাতে ভোগ দখল ও বিনিয়োগ করিতে রহেন ও রহুক । তাহাতে আমার আর কোন প্রকার দাবী দাওয়া নাই ও রহিল না । এতদ্ব্যতিত ভবিষ্যতে আমি দলিল দাতা বা আমার কোন ওয়ারিশ স্থলবর্তীগণ নিম্ন তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তিতে কোন প্রকার দাবী দাওয়া করিলেও ঐরূপ দাবী সর্বত্র ও সর্ব আদালতে অগ্রাহ্য ও বাতিল বলিয়া গণ্য হইবে এবং অত্র সাফ বিক্রয় কোবালাই চিরকাল বহাল ও বলবৎ হইবে ও থাকিবে ।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার কোন ভাবে বিক্রয় করি নাই কিম্বা বিক্রয়ের জন্য কাহারও সহিত কোন ভাবে মৌখিক বা লিখিত ভাবে চুক্তিবদ্ধ হই নাই বা নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি কাহারও নিকট বন্ধক বা রেহেন দিয়া কোন লোন বা কর্জ গ্রহণ করি নাই বা ইহা কোন আদালত কর্তৃক কোন ভাবে ক্রোকাবদ্ধ বা নিলাম বিক্রয় ও হয় নাই বা ইহা কোন মোকর্দ্দমার জামিনাবদ্ধ রাখি নাই বা ইহা গভর্ণমেন্ট কর্তৃক এ্যকুইজিশান বা রিকুইজিশান ও হয় নাই বা নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি দেবত্তর বা ট্রষ্ট সম্পত্তির অন্তর্ভুক্ত নহে। সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও নিস্কন্টক অবস্থায় আপনি সরল বিশ্বাসে আমার নিকট হইতে তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিলেন। তত্রাচ যদি ভবিষ্যতে আমার কোন কার্য্যতায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার সুত্ব দখল সম্পর্কে কোন শুন্যতা বা হানি জনক কোন কিছু প্রকাশ পাইয়া আপনার কোন ক্ষতির কারণ ঘটে তৎঅবস্থায় আমি আইনতঃ দায়ী হইব এবং আপনাকে উপযুক্ত ক্ষতি পুরণ দিতে বাধ্য থাকিব ।

অত্র দলিলের গর্ভস্থ বয়ানে বা ইহার তপশীল পরিচয়ে ভবিষ্যতে কোন ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে তজ্জন্য এই বিক্রয় কার্য্য কোন ভাবে রদ রহিত বা বাতিল যোগ্য হইবে না । পরন্তু ঐ সকল ভুল ভ্রান্তির স্থলে আবশ্যকীয় শুদ্ধলিপি বা পরিচয় ইঙ্গিত বা লিখিত থাকা বলিয়া গণ্য হইবে এবং অত্র বিক্রয় দলিলই চিরকাল সর্ব্বত্র ও সর্বাবস্থায় বহাল ও বলবৎ হইবে ও থাকিবে । তথাপি যদি ভবিষ্যতে কোন ভুল ভ্রান্তি প্রকাশপায় তৎঅবস্থায় আপনি দলিল গ্রহীতা হইতে আর কোন টাকা পয়সা দাবী না করিয়া আমি দলিল দাতা বা আমার অভাবে আমার ওয়ারিশ স্থলবর্তীগণ আপনি দলিল গ্রহীতার বরাবরে অথবা আপনার অভাবে আপনার ওয়ারিশ স্থলবর্তীগণ এর বরাবরে ভুল সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য রহিল ও রহিবে ।

এতদার্থে অত্র সাফ কোবালা দলিল পাঠ করাইয়া শুনিয়া এবং আমি নিজেও ইহা পাঠ করিয়া ইহার মর্ম ও ভাবী ফলাফল সম্যক অবগত হইয়া কাহারও কর্তৃক কোন ভাবে প্ররোচিত ও উৎপীড়িত বা প্রভাবিত না হইয়া পরন্তু আমি নিজেই স্বতঃ প্রবৃত্ত হইয়া স্বেচ্ছায়, সুজ্ঞানে এবং সুস্থ শরীরেও সুস্থ মস্তিস্কে আপনি দলিল গ্রহীতার বরাবরে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন, বাংলা ১৪০৩ সালের ২৭ শে আষাঢ়, ইংরাজী ১১ / ৭ /১৯৯৬ সাল ।

" তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় "

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও সাব-রেজিস্ট্রী এবং ডিষ্ট্রিক সাব-রেজিস্ট্রী অফিস বারাসাত পরগণা আনোয়ারপুর মধ্যে ১৪৬ নং তৌজির বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলার কালেক্টর বাহাদুর অধীন মৌজা পশ্চিম ইছাপুর গ্রামে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক বার্ষিক পাঁচ টাকা তিন আনা ছয় পাই জমার কাত ৫৩ শতক তিপ্পান্ন শতক ভুমির জন্য সাবেক ১৫৮ নং খতিয়ানের অধিন ১৬৪ নং খতিয়ান ভুক্ত । এল :আর: জরিপে পর ১২৭৭ নং খতিয়ানে আমার নামে রেকর্ডকৃত পশ্চিম ইছাপুর মৌজার ২৯ নং জে: এল: ভুক্ত আর: এস: এবং এল: আর: জরিপে পর

১১৭ একশত সতের দাগে ০৪ চার শতক ।

১১৮ একশত আঠার দাগে ০৪ চার শতক ,

১১৯ একশত উনিশ দাগে ০৫ পাঁচ শতক,

১২২ একশত বাইশ দাগে ০৮ আট শতক,

১২৩ একশত তেইশ দাগে ০৭সাত শতক ।

---

সর্ব সাকুল্য ২৮ আঠাশ শতক শালি ভুমি মায় যৎযাবতীয় আকর আওলাতাদি

-::(৮)::-

ইজমেন্ট রাইট সহ বিক্রিত সম্পত্তি হইতেছে। যাহাতে চাষাবাদ করা হয়। উক্ত ·২৮ আঠাশ শতকবিক্রিত জমির হারাহারি বার্ষিক খাজনা ১ টাকা হইতেছে।

১১৭ একশত সতের ১১৮ একশত আঠার ও ১১৯ একশত উনিশ এই তিনটি দাগ একত্রে একবন্দে কমবেশী মোট ·১৩ তের শতক জমি একখন্ডে চাষ করা হয়। উহার চৌহদ্দি :-

উত্তরে :- বানুড়িয়া মৌজার জমি। দক্ষিণে :- ১০৮ নং দাগ।

পূর্বে :- ১২০ এবং ১২১ নং দাগ। পশ্চিমে :- ১১৫,১১৬ ও ১১০নং দাগ।

১২২ একশত বাইশ এবং১২৩ একশত তেইশ দাগ একবন্দে কমবেশী ·১৫ পনের শতক জমি একত্রে একখন্ডে চাষাবাদ করা হয়। উহার চৌহদ্দি :-

উত্তরে :- ১২১ নং দাগ। দক্ষিণে :- ১২৫ ও ১২৬ নং দাগ।

পূর্বে :- ১২৪ দাগ এবং বানুড়িয়া মৌজার জমি। পশ্চিমে :- ১০৮ নং দাগ।

" পন প্রতিদানের বিবরণ "

১০০, একশত টাকার কারেন্সি মোট ৩০০ তিনশতটি = ৩০,০০০·০০ ত্রিশ হাজার টাকা।

অত্র দলিল একটি ষ্ট্যাম্প সহ মোট ৮ আট ফর্দে টাইপকৃত।

সাক্ষী ৩(তিন)জন।

মোসাবিদাকারক :-

শ্রী ধীরেন্দ্র নাথ মজমদার,
এ্যডভোকেট,
বারাসাত জজ কোর্ট।

ইসাদী :-

১। Amal Kishore Mazumder
Adv.
Barasat judge Court.

২। Sankar Prasad Sarkar
K.K. Mitra Road Barasat

৩। Subir Kr. Hait

টাইপকারক :-

স্বপন কুমার দাস,
বারাসাত কোর্ট।

Book No. I
Volume No. 91
Page 193 to 202
Being No. 5057
for the Year 1996

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS.

Registrar u/s. 7 (2)
North 24 Parganas, Barasat
14/8/96

OFFICE OF THE DISTRICT REGISTRAR, BARASAT, NORTH 24 PARGANAS.

Registrar u/s. 7 (2)
North 24 Parganas, Barasat
11/ /96